

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২৯. গাযওয়া বদর আখের (غزوة بدر الآخر)

8ళ হিজরীর শা'বান মোতাবেক ৬২৬ খ্রিষ্টাব্দের জানুয়ারী মাস। দেড় হাযার সৈন্য নিয়ে রাসূলুল্লাহ (ছাঃ) বদর অভিমুখে রওয়ানা হন। গত বছর ওহোদ যুদ্ধ থেকে ফিরে যাওয়ার সময় আবু সুফিয়ান আগামী বছর পুনরায় মদীনা আক্রমণ করবেন বলে ওয়াদা করেছিলেন। তার হামলা মুকাবিলার জন্য রাসূলুল্লাহ (ছাঃ) আগে ভাগেই বদর প্রান্তরে উপস্থিত হন। ওদিকে আবু সুফিয়ান ২০০০ সৈন্যের বাহিনী নিয়ে যথাসময়ে রওয়ানা হয়ে মার্ক্য যাহরান পোঁছে 'মাজিন্নাহ' (مَجِنَّة) ঝর্ণার নিকটে শিবির স্থাপন করেন। কিন্তু তিনি যুদ্ধ করার মনোবল হারিয়ে ফেলেন এবং বিভিন্ন অজুহাত দেখিয়ে মক্কায় ফিরে যেতে চান। তাতে সৈন্যদের সকলে এক বাক্যে সায় দেয় এবং সেখান থেকেই তারা মক্কায় ফিরে যায়।

৮ দিন অপেক্ষার পর শত্রুপক্ষের দেখা না পেয়ে আল্লাহর রাসূল (ছাঃ) মদীনায় ফিরে আসার সিদ্ধান্ত নেন। এরি মধ্যে মুসলমানেরা সেখানে ব্যবসা করে দ্বিগুণ লাভবান হন। উল্লেখ্য যে, বদর ছিল অন্যতম শ্রেষ্ঠ বাণিজ্য কেন্দ্র। সংঘর্ষ না হ'লেও এই অভিযানকে বদরে আখের বা বদরের শেষ যুদ্ধ বলা হয়। আবু সুফিয়ানের পশ্চাদপসারণের ঘটনায় সারা আরবে মুসলিম শক্তির প্রতি সকলের শ্রদ্ধাবোধ জাগ্রত হয়। সাথে সাথে মুসলমানদের মনোবল দারুণভাবে বৃদ্ধি পায়। এই যুদ্ধে যাওয়ার সময় মদীনার দায়িত্বে থাকেন আব্দুল্লাহ ইবনে রওয়াহা (রাঃ) এবং যুদ্ধের পতাকাবাহী ছিলেন হযরত আলী (রাঃ)।[1]

## ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/২০৯, আর-রাহীরু ২৯৮-৯৯ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5497

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন